যুগান্তর

তারিখ ... 2 JUL 2003 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৬ ...

# বাকৃবি ছাত্রদলের ৫ নেতা বহিষ্কৃত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে সোমবার ছাত্রদল সভাপতি সাহাবুদ্দিন লাল্টুকে লাঞ্ছিত করার দায়ে সংগঠনের পাঁচ নেতাকে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃতরা হলেন- বাকৃবির সাবেক ছাত্রদল সভাপতি এসএম খালেদ, আবদুল্লাহ আল মামুন সুজন, শেখ ফরিদ, আজাদুর রহমান এবং সোহরাব। তাদের মধ্যে শেষ দু'জন আবার বহিষ্কৃত হলেন। এছাড়া সিনিয়র সহ-সভাপতি শাওন ও সহ-সভাপতি আনিসকে শোকজ করা হয়েছে। সাতদিনের মধ্যে শোকজের জবাব দিতে বলা হয়েছে। পাশাপাশি পূর্বঘোষিত পাঁচটি পদ ছাড়া এই শাখার আর সব পদ স্থগিত ঘোষণা করা হয়েছে।